গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মো: সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখ: ৫ অক্টোবর, ২০২০।

সময়: দুপুর ২.৩০ মিনিট।

স্থান: সভাকক্ষ, বিএনসিইউ।

উপস্থিতি: তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সম্মানিত সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রাম অফিসার জনাব মোহাম্মদ সোহেলুজ্জামান ২০২০-২০২১ অর্থবছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জুলাই, আগস্ট, সেপ্টেম্বরের বিএনসিইউ কর্তৃক সম্পাদিত কার্যক্রমের ১ম ত্রৈমাসিক রিপোর্ট উপস্থাপন করেন এবং এর বিভিন্ন বিষয় নিয়ে সভায় উপস্থিত সকল কর্মকর্তা আলোচনায় অংশ নেন এবং পরবর্তীতে আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ১ | ই-নথির গণনা | ই-নথিতে বিএনসিইউর অবস্থান এগিয়ে নেয়া ও ই-নথির স্কোর বাড়ানোর চেষ্টা করা। | সিনিয়র প্রোগ্রাম অফিসার মিজ শাকিলা দিল হাছিন<br>প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | এপিএ, শুদ্ধাচার কর্মকৌশল, উদ্ভাবনী উদ্যোগ, উত্তম চর্চা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে অক্টোবরের ২য় সপ্তাহে ১ম প্রশিক্ষণ আয়োজন করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) |
| ৩ | স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ | বিএনসিইউর স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ করা। | প্রোগ্রাম অফিসার (প্রশাসন ও অর্থ) |
| ৪ | এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ | এপিএ'র সকল ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেলুজ্জামান<br>প্রোগ্রাম অফিসার (আইসিটি) |

| ক্রমিক নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ৫ | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা অক্টোবরের ১৫ তারিখের মধ্যে। | প্রোগ্রাম অফিসার (আইসিটি) |
| ৬ | ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন ও কার্যক্রমকে গতিশীল করা, কর্মশালা ও সেমিনারের মাধ্যমে সংশ্লিষ্টদের ইউনেস্কোর সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন সম্পর্কে সচেতন করা। | সংস্কৃতি সংক্রান্ত কনভেনশন বাংলায় অনুবাদ করা যায় কিনা সে বিষয়ে অনুসন্ধান করা। জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের হেরিটেজ বিষয়ে অবগত করা। | প্রোগ্রাম অফিসার (সংস্কৃতি) |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

০৫.১০.২০

(মোঃ সোহেল ইমাম খান)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

মোঃ সোহেল ইমাম খান
(যুগ্মসচিব)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।